কবিতা/গল্প প্রকাশ

নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

Graphic Design Work

Flex ,Poster ,Card ,Cartoon ,
Logo ,Newspaper ,Book ,
Magazine & other.
9836753622

ইন্টারনেটে সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746


HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 25 MARCH 2026 ,WEDNESDAY | ২৫ মার্চ ২০২৬ ,বুধবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-113

## কিশোরী মৃত্যুর ঘটনায় অভিযুক্তের গ্রেপ্তারের দাবিতে রাজনৈতিক কর্মসূচি বন্ধ রেখে ধর্নায় শংকর ঘোষ



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৪ মার্চ :** শিলিগুড়িতে এক কিশোরীর মৃত্যুর ঘটনায় অভিযুক্তের গ্রেপ্তারের দাবিতে বুধবার ধর্নায় বসলেন শিলিগুড়ি বিধানসভা আসনের বিজেপি প্রার্থী শংকর ঘোষ। সোমবার শিলিগুড়ির এক নম্বর ওয়ার্ডে এক কিশোরী আত্মহত্যা করে। জানা গেছে কিশোরীর সাথে তার গৃহ শিক্ষকের প্রেমের সম্পর্ক গড়ে ওঠে। গৃহ শিক্ষক বিবাহিত ও সন্তানের বাবা।এই সম্পর্কের জেরে কিশোরী সোমবার রাতে আত্মহত্যা করে। ঘটনার পর থেকেই অভিযুক্ত গৃহ শিক্ষক ও তার পরিবারের সকলেই পলাতক। শিলিগুড়ির বিজেপি প্রার্থী শংকর ঘোষ ঐ অভিযুক্তের গ্রেপ্তারের দাবিতে শিলিগুড়ি জংশন এর সামনে আম্বেদকর মূর্তির পাদদেশে ধর্নায় বসে ঘোষণা করেন অভিযুক্তকে গ্রেপ্তার না করা পর্যন্ত তিনি সমস্ত রাজনৈতিক কর্মসূচি সহ প্রচার কর্মসূচি বন্ধ রাখবেন। অভিযুক্তকে গ্রেপ্তার এর সময়সীমা ও বেঁধে দিয়েছেন। ঘটনায় ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে রাজনৈতিক মহলে।শংকর ঘোষ আরও জানান তিনি ঐ পরিবারটির পাশে আছেন ও থাকবেন।

## উদ্ধার ব্রাউন সুগার ,গ্রেপ্তার এক




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,২৪ মার্চ :** মালদহ জেলা পুলিশের গাজোল থানার পুলিশ বিশ্বস্তসূত্রে পাওয়া খবরের ভিত্তিতে সোমবার রাতে রাঙ্গাভিটা এলাকার ফ্লাই ওভারের নীচে অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে আটক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় ছয়শো একাত্তর গ্রাম ব্রাউন সুগার। আটক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয় ও উদ্ধার করা ব্রাউন সুগার বাজেয়াপ্ত করা হয়। ধৃতের নাম রাবিউল শেখ(৩৫),সে কালিয়াচক থানার বালুগ্রামের বাসিন্দা। পুলিশ সূত্রে জানা গেছে সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃতের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে আদালতে পাঠিয়ে পরবর্তী পর্যায়ের তদন্তের স্বার্থে ধৃতকে পুলিশ রিমান্ডে নেবার আবেদন জানানো হয়েছে।

## নির্বাচন কমিশনের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তুললেন মমতা বন্দ্যোপাধ্যায়



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কলকাতা ,২৪ মার্চ :** উত্তরবঙ্গ সফরের আগে কলকাতা বিমান বন্দরে সাংবাদিক সম্মেলন করে মমতা বন্দ্যোপাধ্যায় নির্বাচন কমিশনের নিরপেক্ষতা নিয়ে প্রশ্ন তোলেন।উল্লেখ্য উত্তরবঙ্গের নকশালবাড়ি, ডাবগ্রাম ফুলবাড়ি ও ময়নাগুড়িতে তৃণমূল প্রার্থীদের সমর্থনে নির্বাচনী প্রচার সভা করার উদ্দেশ্যে তৃণমূল সুপ্রীমো মমতা বন্দ্যোপাধ্যায় মঙ্গলবার রওনা হচ্ছেন। কলকাতা বিমান বন্দরের সামনে তিনি সাংবাদিক সম্মেলন করে বলেন নির্বাচন কমিশনের বিজ্ঞপ্তিতে বিজেপির দলীয় প্রতীক রয়েছে, যা বিভিন্ন সংবাদপত্রে প্রকাশিত। একটি সংবাদপত্র দেখিয়ে তিনি বলেন এথেকে পরিষ্কার নির্বাচন কমিশন কার হয়ে কাজ করছে। বিজেপি ও নির্বাচন কমিশনের আঁতাত সাধারন মানুষকে ভোটাধিকার থেকে বঞ্চিত করার চক্রান্ত করছে। মমতা বন্দ্যোপাধ্যায় প্রশ্ন করেন নির্বাচন কমিশন মাঝরাতে সাপ্লিমেন্টারী তালিকা প্রকাশ করলো কেন। জেলা বা ব্লকগুলোতে এখনো পর্যন্ত সেই তালিকা ঝোলানো হয়নি। মানুষ এখনও তাদের ভোটাধিকারের স্থিতি জানতে পারছেনা।এসআইআর এর জন্য রাজ্যে দুশো মানুষের মৃত্যু হয়েছে। নির্বাচন কমিশন পূর্ন তালিকা প্রকাশ করতে ভয় পাচ্ছে কারন নির্বাচন কমিশন স্বচ্ছ নয়। নির্বাচন কমিশন ও বিজেপির আঁতাত মানুষের ভোটাধিকার কেড়ে নিতে চাইছে। বিজ্ঞপ্তিটি যদি শুধু কেরলের জন্য হবে তবে তাতে অল স্টেটসএন্ড ইউ টি লেখা রয়েছে কেন। এটা ক্ল্যারিকেল ভুল নয়। তিনি সমস্ত রাজনৈতিক দলকে স্বৈরাচারী একদলীয় শাসনও এজেন্সিগুলির বিরুদ্ধে একসাথে লড়াই এর জন্য অনুরোধ রাখেন। কোনো রাজনৈতিক সমর্থনের জন্য নয় শুধুমাত্র গনতন্ত্রকে রক্ষার জন্য তার এই অনুরোধ। সম্পূর্ণ ভোটার তালিকা প্রকাশে বিলম্বের বিষয়টি নিয়ে সংবাদমাধ্যমের প্রতিনিধিদের ও খতিয়ে দেখতে অনুরোধ করেন।

## "এমসিসি" নিয়ে অভিযোগ বাক্স




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ মার্চ :** বিধানসভা ভোট ঘোষণা হওয়ার পরেই আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক অফিসে "এমসিসি" নিয়ে অভিযোগ বাক্স বসানো হয়েছে এমনটাই দেখা গেল আলিপুরদুয়ার দু'নম্বর ব্লক অফিসে মঙ্গলবার বিকেল চারটে নাগাদ। আলিপুরদুয়ার দুই ব্লকের ১১ টি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন বুথে কোন রকম অভিযোগ থাকলে সাধারণ ব্যক্তিরা এসে এই অভিযোগ বাক্সে অভিযোগ জমা করতে পারেন। অভিযোগের পরিপ্রেক্ষিতে নির্বাচন দপ্তরের সঙ্গে যুক্ত ব্যক্তিরা অভিযোগের তদন্ত করবেন।

# আবাস যোজনা পাওয়ার আশায় আবেদন ব্লক অফিসে



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ মার্চ :** নির্বাচন ঘোষণা হয়ে গেছে তবুও সাধারণ বাসিন্দারা আবাস যোজনার জন্য ভিড় করছেন আলিপুরদুয়ার দু নম্বর ব্লক অফিসে। এমনটাই দেখা গেল মঙ্গলবার বিকেল তিনটে নাগাদ যশোডাঙ্গা ব্লক অফিসে। বিভিন্ন জায়গা থেকে দারিদ্র্যসীমার নিচে বসবাসকারী মহিলা এবং পুরুষেরা আবাস যোজনা পাওয়ার জন্য দরখাস্ত জমা দিচ্ছেন রীতিমতো খামে করে। যদিও এই দরখাস্ত করতে গিয়ে তাদের গাঁটের টাকা খরচ করতে হচ্ছে। আবাস যোজনার আবেদন করতে গিয়ে তাদের গাড়ি ভাড়া ছাড়াও আবেদন পত্র কিনতে হচ্ছে ৫০ টাকা দিয়ে। প্রতিদিন প্রচুর পরিমাণে দারিদ্র্য সীমার নীচে বসবাসকারী বাসিন্দারা ভিড় করছেন ব্লক অফিসে আবাস যোজনা পাওয়ার জন্য।

# লোকালয় থেকে হরিণ উদ্ধার করল বনকর্মীরা




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ মার্চ :** লোকালয়ে চলে আসা হরিণকে জঙ্গলে ফিরিয়ে দিল বনকর্মীরা। আলিপুরদুয়ার জেলার জলদাপাড়া জাতীয় উদ্যান সংলগ্ন এলাকায় একটি মাদি বার্কিং ডিয়ার চলে এসেছিল মঙ্গলবারে এমনটাই জানা গেছে মঙ্গলবার বিকেল চারটা নাগাদ। এরপর বনদপ্তরের কর্মীরা হরিণটিকে লোকালয় থেকে উদ্ধার করে খয়ের বাড়ি জঙ্গলে ছেড়ে দেয়। তবে অক্ষত অবস্থায় হরিণটিকে জঙ্গলে ফেরাতে পেরে স্বস্তির নিঃশ্বাস ফেলছেন বনকর্মীরা।

# নির্বাচনী বিধি লঙ্ঘন ,বিজেপির সভা বন্ধ করে দিল প্রশাসন



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ মার্চ :** নির্বাচনী বিধি লংঘন করায় বিজেপির সভা বাতিল করে দিলেন নির্বাচন দপ্তরের অধীনে থাকা কর্মীরা আলিপুরদুয়ার জেলার আলিপুরদুয়ার দু নম্বর ব্লকের মাঝের ডাবরি গ্রাম পঞ্চায়েতের উত্তর মাঝের ডাবরি ২৬৬ নম্বর বুথে। সরকারিভাবে কোন অনুমতি নেওয়া হয়নি কিন্তু সভার আয়োজন পুরোপুরি করা হয়েছিল। রীতিমত সভা শুরু হবে ঠিক সেই সময় পুলিশ এবং নির্বাচন দপ্তরের কর্মীরা গিয়ে সভা বানচাল করে দিলেন। রীতিমতো উত্তেজনা ছড়িয়েছিল এলাকায় কিন্তু পুলিশ কোনভাবেই তাদের সভাকে করতে দেয়নি। কালচিনি বিধানসভার চার নম্বর মন্ডলের পক্ষ থেকে উত্তর মাঝেরডাবড়ী এলাকায় কালচিনির বিজেপির প্রার্থী বিশাল লামাকে সংবর্ধনা দেওয়ার পাশাপাশি প্রার্থী পরিচয় করানোর কথা ছিল। বেলা তিনটা থেকে প্রোগ্রাম শুরু হওয়ার কথা তার আগ মুহূর্তেই নির্বাচন দপ্তরের ফ্লাইং স্কোয়াড টিম শামুকতলা রোড ফাঁড়ির ওসি সঞ্জীব মোদক ওই এলাকায় পৌঁছে যান। যদিও পর মুহূর্তে ওই এলাকায় গিয়ে পৌঁছান শামুকতলা থানার ওসি সুমিত রাওয়াত। দীর্ঘ আলোচনার পর অবশেষে বিজেপির কর্মীরা তাদের অনুষ্ঠান বন্ধ করতে বাধ্য হন। পুলিশ উপস্থিত থাকাকালীন দলের পতাকা ব্যানার খুলে দেন। যদিও কর্মকর্তাদের কাছ থেকে জানা গেছে তারা প্রাথমিকভাবে পুলিশের কাছে অনুষ্ঠান করার আবেদন জানিয়েছিলেন কিন্তু নির্বাচন দপ্তরের নিয়ম অনুযায়ী এখন অনলাইনে আবেদন করতে হয়। তারা অনলাইনে আবেদন করেননি এমনকি নির্বাচন দপ্তরের দায়িত্বে থাকা আলিপুরদুয়ার ব্লকের বিডিওকে বিষয়টি লিখিতভাবে জানাননি। যার দরুন সংবর্ধনা সভা বাতিল হয়েছে। বিজেপির চার নম্বর মণ্ডলের মন্ডল সভাপতি কান্তি রায় জানিয়েছেন বিষয়টি তারা বুঝতে পারেননি তাই এমন ঘটনা ঘটেছে।

# ২৬ বছরের যুবকের আত্মহত্যাকে ঘিরে চাঞ্চল্য




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৪ মার্চ :** একটি যুবকের আত্মহত্যাকে কেন্দ্র করে ব্যাপক শোকের ছায়া নেমে এসেছে শামুকতলা থানার চাকি পাড়া এলাকায়।নয়ন দেবনাথ নামে এক ২৬ বছরের যুবক গলায় দড়ি দিয়ে আত্মহত্যা করে তার নিজের বাড়িতেই। পুলিশ মৃতদেহ উদ্ধার করে নিয়ে এসেছে শামুকতলা থানায়। জানা গেছে নয়ন পরিযায়ী শ্রমিকের কাজ করে। বাড়িতে আসার পরেও সে দিন হাজিরার কাজ করে। প্রতিদিন বেলা দশটা এগারটায় ঘুম থেকে উঠে নয়ন। মঙ্গলবার বেলা অতিরিক্ত হয়ে গেলেও সে ঘুম থেকে উঠে নি এর পরেই তার মা ডাকাডাকি শুরু করে বেলা তিনটা নাগাদ। তার সাড়া শব্দ না পেয়ে তার ঘরে গিয়ে দেখতে পায় তার ঝুলন্ত দেহ এর পরেই পুলিশকে খবর দিলে পুলিশ তার দেহ উদ্ধার করে শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে। বুধবার তার মৃতদেহ আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে পাঠানো হবে ময়নাতদন্তের জন্য।

# প্রাকৃতিক দুর্যোগে আলু চাষে ব্যাপক ক্ষতি ,বিষ পানে আত্মহত্যা কৃষকের ,শোকের ছায়া এলাকায়



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,২৪ মার্চ :** মালদহ জেলার পুরাতন মালদহের মহিষবাথানি গ্রাম পঞ্চায়েতের তেলিপুকুর গ্রামের এক আলু চাষীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে এলাকায়। মৃত চাষীর নাম বিপতি রাজবংশী (৬৩)। মৃতের পরিবার সূত্রে জানা গেছে বিপতি নিজের এক বিঘা ও লিজ নেওয়া চার বিঘা জমিতে আলু চাষ করেছিলো। আলু চাষের জন্য সে মহাজনের থেকে ঋন নিয়েছিলো। কয়েকদিনের প্রাকৃতিক দুর্যোগে ও বৃষ্টিতে তার আলু চাষের ব্যাপক ক্ষতি হয়। চাষের ক্ষতি।ও মহাজনের ঋনের চাপে সে মানসিক ভাবে ভেঙ্গে পড়ে। রবিবার রাতে বিষপান করে বিপতি আত্মহত্যা করে বলে পরিবারের অভিযোগ। ঘটনার জেরে এলাকায় নেমে এসেছে শোকের ছায়া।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |